

উদ্ভাবনী আইডিয়া

১. কালার ট্যাগ দিয়ে মূল দশটি বিষয় চিহ্নিতকরণ

শ্রেণিকরণ নম্বর প্রদানের সময়ে কালার ট্যাগ বইয়ে সংযুক্ত করা। একেকটি কালার ট্যাগ একেকটি বিষয়কে শনাক্ত করবে। এতে স্ট্যাকব্লকের র্যাকে বিবলিওগ্রাফিক্যাল নম্বর অনুযায়ী দ্রুত সাজিয়ে রাখা যাবে। চার/পাঁচ হাজার বই থেকে একটি নির্দিষ্ট বই খোঁজে বের করা খুবই কঠিন। আগে থেকেই ট্যাগ লাগানো থাকলে বিবলিওগ্রাফিক্যাল নম্বর প্রদান সহজতর হবে। বিবলিওগ্রাফিক্যাল নম্বর অনুযায়ী সজ্জিত যে কোনো বই চাহিবা মাত্র আগ্রহী পাঠক ও গবেষকগণকে সরবরাহ করা যাবে। সেবা প্রদান শেষে বইটিকে দ্রুত স্বস্থানে রাখা সম্ভব হবে। ফলে মূল্যবান সময় বাঁচবে ও শ্রমের অপচয় রোধ হবে।

২. অটোমেটিক পদ্ধতিতে সংগ্রহ শাখার বই/সাময়িকী এন্ট্রি করা

সংগ্রহ শাখায় বই/সাময়িকী প্রাপ্তির সঙ্গে সঙ্গে একটি নির্দিষ্ট ফরমেটে সফটওয়্যার সহযোগে এন্ট্রি করা। এজন্য বিদ্যমান সিস্টেমকে (কোহা) আপগ্রেড/ডেভেলপ করা। ডাটা এন্ট্রির জন্য ফরমেট এমনভাবে তৈরি করা যাতে পরবর্তী সময়ে এন্ট্রিকৃত ডাটাকে কাজে লাগানো যায়। এতে বই এবং সাময়িকীর সঠিক পরিসংখ্যান পাওয়া যাবে। তথ্য অনুসন্ধান সহজতর হবে। একটি নির্দিষ্ট মাসের নির্দিষ্ট দিনের নির্দিষ্ট পত্রিকাটি আছে কিনা তা সার্চ করে দ্রুত জানা যাবে। নির্দিষ্ট শিরোনামের পত্রিকা/সাময়িকী একবার এন্ট্রি হয়ে গেলে দ্বিতীয়বার আর এনিঅট্রি করা লাগবে না।

৩. ফ্রন্ট ডেস্কে ডায়নামিক মনিটর স্থাপন করা

যার মাধ্যমে সেবাপ্রত্যাশী পাঠক ও গবেষকগণ প্রয়োজনীয় তথ্য, ক্যাটালগ জানতে পারবেন এবং নতুন বইয়ের কভারপেজ চলমান থাকবে।

৪. কফি কর্নার স্থাপন করা (নিতাই স্যার)

২০/১২/২০১৬
মুহাম্মদ মুহাম্মদ হুসাইন
বিবলিওগ্রাফার

মুহাম্মদ মুহাম্মদ হুসাইন
২৯/১/১৬